# উপজেলা পরিষদ
## কালিগঞ্জ, সাতক্ষীরা।

**মে ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী**

অধিবেশন নং - ০৫/২০২৩

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ২৯-০৫-২০২৩ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১০.৩০ মিঃ |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, কালিগঞ্জ |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (উপস্থিত পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত পরিশিষ্ট 'খ')।

সভার প্রারম্ভে উপস্থিত চেয়ারম্যানগণ ও সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ সাতক্ষীরাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও কার্যবিবরণীতে কোন সংশোধন / সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| <u>উপজেলা প্রকৌশল দপ্তর</u> ঃ<br>২.(ক) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে এই উপজেলার এডিপির প্রকল্পের ই-টেন্ডার ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। এডিপির প্রকল্পগুলোর কাজ চলমান রয়েছে। আশাকরি নির্দিষ্ট সময়ের পূর্বেই সকল কাজ সমাপ্ত হবে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, আগামী ৩০শে জুনের আগেই এডিপির প্রতিটির প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন করে এর গুণগত মান বজায় রেখে প্রকল্পগুলো বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আগামী ৩০শে জুনের আগেই এডিপির প্রতিটির প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন করে এর গুণগত মান বজায় রেখে প্রকল্পগুলো বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.(খ) <u>উপজেলা পরিষদের অফিস ভবনে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন</u> ঃ<br>সভায় জানানো হয় যে, বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে বিদ্যুৎ উৎপাদন ব্যহত হওয়ায় ঘন ঘন লোডশেডিং হচ্ছে। ফলে অফিসের দাপ্তরিক কার্যক্রম সহ ইলেকট্রনিক্স ইকুইমেন্ট যেমন কম্পিউটার, প্রিন্টার, ফটোকপি মেশিন ইত্যাদি চালানো যাচ্ছে না। এতে জনদুর্ভোগের সৃষ্টি হচ্ছে। তাই অফিসের দাপ্তরিক কার্যক্রমকে সচল রাখার জন্য উপজেলা পরিষদের অফিস ভবনে সোলার প্যানেল স্থাপন করে বৈদ্যুতিক সরবরাহ সচল রাখার বিষয়ে প্রস্তাব উপস্থাপন করে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(দ) অনুচ্ছেদে উপজেলা পরিষদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার স্বার্থে সর্ব্বোর্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ে সীমাবদ্ধ রেখে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। | জনদুর্ভোগ এড়াতে ও অফিসের দাপ্তরিক কার্যক্রম সচল রাখার জন্য উপজেলা পরিষদের অফিস ভবনে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদের অফিস ভবনে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন।<br>বরাদ্দের পরিমাণ ঃ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা।<br>খাত ঃ উপজেলা রাজস্ব তহবিল<br>বাস্তবায়ন ঃ (RFQ) এর মাধ্যমে বাস্তবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২. (গ) <u>উপজেলা পরিষদ ক্যাম্পাসে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন</u> ঃ<br>সভায় জানানো হয় যে, উপজেলা ক্যাম্পাসে ইদানিং চুরির ঘটনা ঘটতেছে। তাছাড়া সন্ধ্যা ও ছুটির দিনে বখাটে ও অসং প্রকৃতির লোকজনের আনাগোনা লক্ষ্য করা যাচ্ছে। তাই উপজেলা ক্যাম্পাসের সার্বক্ষণিক মনিটরিং ও নিরাপত্তার স্বার্থে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(প) অনুচ্ছেদে উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে সর্ব্বোর্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ে সীমাবদ্ধ রেখে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। | উপজেলা পরিষদ ক্যাম্পাসের নিরাপত্তার স্বার্থে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদ ক্যাম্পাসে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন।<br>বরাদ্দের পরিমাণ ঃ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।<br>খাত ঃ উপজেলা রাজস্ব তহবিল<br>বাস্তবায়ন ঃ (RFQ) এর মাধ্যমে বাস্তবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

<table>
<tr>
<td>২. (ঘ). কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বেকার যুবকদের ফ্রিল্যান্সিং বিষয়ে প্রশিক্ষণ ঃ সভায় জানানো হয় যে, এ উপজেলাতে অনেক বেকার যুবক/যুবতী রয়েছে যাদের ল্যাপটপ/ডেক্সটপ কম্পিউটার রয়েছে। কিন্তু কোন উপার্জন নেই। অনেক বেকার ছেলে/মেয়ে ইন্টারনেটের সাথে যুক্ত রয়েছে কিন্তু ফেসবুক/ইউটিউব চালিয়ে এবং আড্ডা দিয়ে সময় অপচয় করে। তাই বেকার ছেলেমেয়েদের হতাঁশা দূর করতে খারাপ পথ থেকে ফিরিয়ে নিয়ে আসতে এ উপজেলার বেকার ছেলে মেয়েদের ঘরে বসে অনলাইনের মাধ্যমে উপার্জন সক্ষমতা তৈরি করার লক্ষ্যে কিছু বেকার যুবক ছেলে মেয়েদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>এ উপজেলার বেকার যুবক ছেলেমেয়েদের ঘরে বসে অনলাইনের মাধ্যমে উর্পাজনের সক্ষমতা নিমিত্ত ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের সিদ্ধান্ত গৃহিত হয় এবং নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং ব্যয়খাত নির্ধারণ করা হয়।<br>প্রকল্পের নাম ঃ কালিগঞ্জ উপজেলার বেকার যুবক ছেলেমেয়েদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ। (২য় পর্যায়)<br>প্রাক্কলিত ব্যয় ঃ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা<br>ব্যয়ের খাত ঃ উপজেলা উন্নয়ন তহবিল<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম ও পদবী</th><th>কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>মোঃ নাসিম শাহাদাত, সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>জনাব দিপালী রাণী ঘোষ, ভাইস চেয়ারম্যান</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>জনাব হেমেন্দ্রনাথ মন্ডল, সহকারী প্রোগ্রামার, আইসিটি, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
</table></td>
<td>(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td>২.(ঙ) তালের চারা বিতরণ ঃ<br>সভায় জানানো হয় যে, বৈশ্বিক আবহাওয়া ও ঋতুচক্র পরিবর্তনের ফলে পরিবেশের উপর মারাত্মক প্রভাব ফেলেছে। যার ফলে ঘুর্ণিঝড়, অতিবৃষ্টি, বন্যা, খরা সহ প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগ সর্বদা আঘাত করছে। বিশেষ করে বর্ষা মৌসুমে এ এলাকায় প্রচন্ড বজ্রপাত সংঘটিত হচ্ছে এবং গবাদি পশুসহ মানুষ বজ্রঘাতে মৃত্যুবরণ করছে। এমনকি বিভিন্ন ঘরবাড়িতে বজ্রপাত আঘাত করছে। বজ্রপাত থেকে পরিত্রাণের জন্য সকলে তাল বীজ ও চারা রোপনের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে একটি প্রকল্প গ্রহণের অনুরোধ জানানো হয়।</td>
<td>এ উপজেলার সকল ইউনিয়নে বজ্রপাত থেকে পরিত্রাণের জন্য তাল বীজ ও চারা রোপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। এবং নিম্নবর্ণিত প্রকল্প, প্রাক্কলিত ব্যয়, ব্যয়ের খাত ও বাস্তবায়ন কমিটি অনুমোদন করা হয়।<br>প্রকল্পের নাম ঃ এ উপজেলার সকল ইউনিয়নে তাল বীজ ও চারা রোপন প্রকল্প।<br>প্রাক্কলিত ব্যয় ঃ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা মাত্র।<br>ব্যয়ের খাত ঃ উপজেলা উন্নয়ন তহবিল<br>বাস্তবায়ন কমিটি
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম ও পদবী</th><th>কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>জনাব ওয়াসীম উদ্দীন, উপজেলা কৃষি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>জনাব ফেরদাউস গোড়ল, চেয়ারম্যান, মৌতলা ইউপি,</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>জনাব ইনছার আলী, উপ-প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিস, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
</table></td>
<td>১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td>২. (চ) সভায় ১১ নং রতনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী ''আমার গ্রাম আমার শহর'' ঘোষণা দিলেও রতনপুর ইউনিয়নে বিজয়নগর, কৃষ্ণপুর, বাগমারী গ্রামে কোন ইটের সোলিং রাস্তা নেই। এই ৩টি গ্রাম মিলে সর্বমোট ৩০০ ফুটের মতো রাস্তা থাকলেও পানি উন্নয়ন বোর্ড কর্তৃক খাল কাটার সময় নষ্ট হয়ে যায় এবং ঐখানে একটি কমিউনিটি ক্লিনিক আছে যেটিকে স্মার্ট কমিউনিটি ক্লিনিক করার জন্য জেলা প্রশাসক মহোদয় সদয় নির্দেশনা প্রদান করেছেন এবং সে অনুযায়ী কার্যক্রম চলমান। ইতোমধ্যে জাইকা কর্তৃক বাগমারী গ্রামে একটি সুপেয় পানির ফিল্টার নির্মাণ করা হয়েছে। কিন্তু উক্ত কমিউনিটি ক্লিনিক, সুপেয় পানির ফিল্ডার সহ স্কুলে যাওয়ার জন্য কোন ইট সোলিং রাস্তা নেই। মাননীয় প্রধানমন্ত্রীর ''আমার গ্রাম আমার শহর'' এই ঘোষণা অনুযায়ী অনতিবিলম্বে এই ইউনিয়নের গ্রামগুলোতে ইট সোলিং রাস্তা করার জন্য সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>রতনপুর ইউনিয়নে বিজয়নগর, কৃষ্ণপুর, বাগমারী গ্রামগুলোতে সরেজমিনে পরিদর্শন করে ইট সোলিং রাস্তা নির্মাণের জন্য মাপ জরিপের মাধ্যমে প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলীকে সভায় অনুরোধ জানানো হয়। উক্ত ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৩। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td>২. (ছ) সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মহোদয় জানান যে, পাঁচবাড়িয়া লাউতলী খাল খনন করার ফলে এখানে বিএডিসি বা অন্য কোন সংস্থার মাধ্যমে যদি খালের দু'পাশে দু'টি রেগুলেটর লাগানো হয় তাহলে ৭টি মৌজায় এক ফসলী জমি তিন ফসলী জমিতে রুপান্তরিত করা সম্ভব। যা আমাদের কালিগঞ্জের খাদ্য শস্য উৎপাদনে ব্যাপক প্রভাব ফেলবে এবং কালিগঞ্জে খাদ্য উদ্বৃত্ত করা সম্ভব হবে। অত্র এলাকার মানুষ এই খালের লবণ পানি আসার ফলে আর চাষাবাদ করতে পারছে না। বিশেষ করে মলেঙ্গা, টুপদিয়া, বিজয়নগর, কৃষ্ণপুর, বাগমারী, সাতহালিয়া সহ অত্র এলাকার প্রতিটি জমি অত্যন্ত উর্বর। এই খালের দু'দিক থেকে যদি দুইটি রেগুলেটর বসালে বর্ষা মৌসুমে সাধু পানি জমা করে ব্যাপকভাবে কৃষি উৎপাদন সম্ভব হবে। এ বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>পাঁচবাড়িয়া ও লাউতলী খালের শেষ প্রান্তে দুইটি রেগুলেটর বসানোর জন্য বিএডিসি (সেচ), কালিগঞ্জ, সাতক্ষীরা ও উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে সভার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়।</td>
<td>১। উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। বিএডিসি (সেচ), কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ৩। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট এর আওতায় ৫টি ক্লাস্টারের ১২৫ জন চিংড়ি চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। পাশাপাশি মৎস্য ও মৎস্য পণ্য বিধিমালা ১৯৯৭ মোতাবেক বিভিন্ন ইউনিয়নে মোবাইল কোর্ট পরিচালনা করে চিংড়িতে অপদ্রব্য পুশ বন্ধে অভিযান পরিচালনা কার্যক্রম চলমান আছে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, এ উপজেলায় ৫টি ক্লাষ্টারের পাশাপাশি প্রতিটি ইউনিয়নে আরো বেশি সংখ্যক মেরিন ফিশারিজ প্রজেক্ট এর আওতায় ন্যূনতম ১০টি ক্লাষ্টার তৈরির লক্ষ্যে উপজেলা মৎস্য বিভাগকে অনুরোধ জানানা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | প্রতিটি ইউনিয়নের যে সকল জায়গায় অসাধু ব্যবসায়ীরা বাগদা চিংড়ি পুশ করে সেগুলো বন্ধের জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা সহ প্রতিটি ইউনিয়নে ক্লাষ্টার গঠনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মৎস্য বিভাগকে অনুরোধ জানানো হয়। | (১) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৪। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কিন্তু কালিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মুক্তিযোদ্ধা কেবিনটি নাজুক অবস্থায় আছে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় মুক্তিযোদ্ধা কেবিনটি মেরামতের জন্য হেল্থ ইঞ্জিনিয়ার বিভাগে পত্র প্রেরণের জন্য বলেন। তাছাড়া তিনি মৌতলা ইউনিয়নের ৩নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক নির্মাণের প্রস্তাব করেন এবং জনৈক ব্যক্তি উক্ত কমিউনিটি ক্লিনিক তৈরির জন্য জমি দিতে রাজী হয়েছে বলে জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মৌতলা ইউনিয়নের ৩নং ওয়ার্ডে জনৈক ব্যক্তির নিকট থেকে কমিউনিটি ক্লিনিকের নামে জায়গা হস্তান্তরপত্র সহ উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট কমিউনিটি ক্লিনিক নির্মাণ প্রস্তাব সহ আনুসঙ্গিক কাগজপত্র প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানান। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ। |
| ৫। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ (ক) উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ক্লাইমেট স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের আওতায় ১২টি মিনি গার্ডেন টিলার, ৪০টি ফুটপাম্প স্প্রেয়ার ও ৪০টি কনসোলার যন্ত্রপাতি ইতোমধ্যে বিতরণ করা হয়েছে। কিন্তু যন্ত্রপাতিগুলোকে সচল রাখার জন্য মেইনটেইনেন্স বাবদ প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে কিছু ফান্ডের ব্যবস্থা করার জন্য প্রতিটি ইউপি চেয়ারম্যান সাহেবগণকে অনুরোধ জানান।<br><br>(খ) তিনি আরো বলেন যে, অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য কৃষির কোন বিকল্প নেই। তাই কৃষি খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি ইউনিয়নে যে সকল খননযোগ্য/ পুনঃখননযোগ্য খাল আছে সেগুলোর তথ্য উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে অতিদ্রুত প্রেরণের জন্য সকল চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। পাশাপাশি প্রণোদনা কর্মসূচির আওতায় ১২টি ইউনিয়নে ১৯০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে বিনামূল্যে রোপা আমন ধান বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>(গ) সভায় জানানো হয় যে, উপজেলার শিক্ষিত বেকার যুবকদের স্মার্ট কৃষি উদ্যোক্তা ও খামারী গড়ার লক্ষ্যে প্রশিক্ষণ দিয়ে ইতোমধ্যে হাইভ্যালু ক্রপ মিউজিয়াম প্রদর্শনীর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত স্মার্ট উদ্যোক্তাদের মাধ্যমে কোকোপিট দিয়ে চারা তৈরি করে মালর্চি পেপার সহ উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রদশনী খামার করার লক্ষ্যে স্মার্ট উদ্যোক্তাদের মাঝে রোগমুক্ত চারা/ উন্নতমানের বীজ সরবরাহ করার বিষয়ে সভায় প্রস্তাব প্রেরণসহ বিস্তারিত আলোচনা হয়। | (ক) প্রতিটি ইউনিয়ন পরিষদে সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতিগুলো সচল রাখার জন্য মেইনটেইনেন্স বাবদ ইউনিয়ন পরিষদে একটি ফান্ডের ব্যবস্থা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br><br>(খ) প্রতিটি ইউনিয়নে খননযোগ্য/ পুনঃখননযোগ্য খালের তালিকা অতিদ্রুত উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br><br>(গ) প্রশিক্ষণপ্রাপ্ত স্মার্ট কৃষি উদ্যোক্তা ও খামারীদের মাঝে রোগমুক্ত চারা/ উন্নতমানের বীজ সরবরাহ করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>প্রকল্পের নাম ঃ স্মার্ট উদ্দোক্তাদের মাঝে রোগমুক্ত চারা/উন্নতমানের বীজ সরবরাহ ঃ<br>বরাদ্দের পরিমাণ ঃ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>খাত ঃ উপজেলা উন্নয়ন খাত<br>প্রকল্প কমিটি ঃ<br>ক্রঃ নং / নাম ও পদবী / কমিটির পদবী:<br>১ / জনাব ওয়াসীম উদ্দীন, উপজেলা কৃষি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। / আহবায়ক<br>২ / মির্জা সাদেক আলী, ইউপি সদস্য, মৌতলা / সদস্য<br>৩ / জিএম রবিউল আলম, ইউপি সদস্য, মৌতলা / সদস্য | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>(২) উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) সংশ্লিষ্ট সকল ইউনিয়ন চেয়ারম্যানবৃন্দ কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, LSD রোগের প্রাদুর্ভাব কম হয়েছে। প্রতিটি ইউনিয়ন পরিষদে প্রাণীসম্পদের একটি অফিস কক্ষ বরাদ্দ আছে। কিন্তু অফিস কক্ষগুলো বসার অনুপযোগী তাই অফিসকক্ষগুলো মেরামত করে দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন সামনে পবিত্র ঈদ উল আযহা এসময় পশু জবাইয়ের মাধ্যমে কুরবানি করা হয়। তাই প্রতিটি পশু ক্রয় বিক্রয়ের হাটে পশুর স্বাস্থ্য পরীক্ষা করার জন্য প্রাণীসম্পদ বিভাগ কর্তৃক একটি করে স্টলসহ টিম উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পবিত্র ঈদ উল আযহা উপলক্ষ্যে পশু ক্রয় বিক্রয়ের হাটে পশুর স্বাস্থ্য পরীক্ষা করার জন্য প্রাণীসম্পদ বিভাগ কর্তৃক একটি করে স্টলসহ টিম উপস্থিত থাকার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৮। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার কে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় ২০২৩-২৪ চক্রের চূড়ান্ত নির্বাচন সম্পন্ন করে খাদ্য শস্যের ডিও জারি সম্পন্ন হয়েছে। এছাড়া ১২টি ইউনিয়নের মধ্যে ৫টি ইউনিয়নে ভিডব্লিউবি খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। উপজেলায় বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি মানব পাচার প্রতিরোধ কমিটি ও নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিত সম্পন্ন হয়েছে। এছাড়া গত ১৪ই মে বিশ্ব মা দিবস উপলক্ষ্যে প্রশিক্ষণপ্রাপ্ত ১০ জন নারীর মাঝে ঋণের চেক বিতরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় বাকি ৫টি ইউনিয়নে অতিদ্রুত ডিও জারি সহ খাদ্য শস্য বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো বলেন ইতোমধ্যে বয়স্ক, বিধবা ভাতার টাকা পে-রোল দেয়া হয়েছে। এছাড়া যেসকল ভাতাভোগী এখনো টাকা পাননি তাদের তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | যে সকল ভাতাভোগী এখনো টাকা পাননি তাদের তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ১। উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ। |
| ১২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের ঋণ কার্যক্রম চলমান এবং অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক চলছে। কোন সমস্যা নাই। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৪। বন বিভাগের কার্যক্রম ঃ<br>কালিগঞ্জ উপজেলা বন বিভাগের ফরেস্টার জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | কালিগঞ্জ উপজেলা বন বিভাগের ফরেস্টারকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৫। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৭। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৮। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৯। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরা বলেন যে, চলতি বছরে এ উপজেলায় বোরো মৌসুমে ধান ৫৮৮ মেঃটন ও চাল ৬১৭ মেঃটন সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল। কিন্তু জেনে খুশি হবেন ইতোমধ্যে ধান ২৯৯.১২ মেঃটন ও চাল ২২৯ মেঃটন সংগ্রহ করা হয়েছে। যা অন্য বছরের তুলনায় খুবই সন্তোষজনক। এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২০। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ, সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) ঃ<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউডিএফ) জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি আরো বলেন বাগমারী সুপেয় পানির প্রকল্পটির কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। কিন্তু বৈদুতিক সংযোগ নেওয়ার জন্য ইতোপূর্বে পল্লী বিদ্যুৎ অফিস, কালিগঞ্জ বরাবর আবেদনসহ সকল প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। কিন্তু বৈদুতিক মিটার/সংযোগ এখনো দেওয়া হয়নি। তাই অতিদ্রুত বৈদ্যুতিক সংযোগ দেওয়ার জন্য পল্লী বিদ্যুৎ সমিতি ডিজিএমকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বাগমারী সুপেয় পানির প্রকল্পে অতিদ্রুত বৈদুতিক সংযোগ দেওয়ার জন্য পল্লী বিদ্যুৎ সমিতি, ডিজিএম কালিগঞ্জ কে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP), কর্মকর্তা, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| ২২। সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি ঃ<br>(ক) সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম বলেন যে, সরকারী অফিসগুলোর বিদ্যুৎ বিল প্রতিবছর জুন ক্লোজিং এ পরিশোধ করা হয়। এরই ধারাবাহিকতায় এ উপজেলায় প্রতিটি অফিসের বিদ্যুৎ বিল স্ব স্ব বিভাগে পৌঁছে দেওয়া হয়েছে। অতিদ্রুত বিলগুলো পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এ সময় উপজেলা পরিষদের অভ্যন্তরে যে সকল মিটার আছে তার ২০২২-২৩ অর্থবছরে বকেয়া বিদ্যুৎ বিল পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক দাখিল করা হয়। জুন ক্লোজিং এর কারণে জরুরী ভিত্তিতে উক্ত বিলসমুহ পরিশোধের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদের অভ্যন্তরে পল্লী বিদ্যুতের যেসকল মিটার আছে তার ২০২২-২৩ অর্থবছরে বকেয়া বিদ্যুৎ বিল সর্বমোট ৪,৬৩,৪৫৭/- (চার লক্ষ তেষট্টি হাজার চার শত সাতান্ন) টাকা যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জরুরী ভিত্তিতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২৪। পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম ঃ<br>পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। তবে সামনে মে-জুন দূর্যোগের মৌসুম। ইতোমধ্যে ঝুকিপূর্ণ ভেড়ীবাঁধগুলো অনেকাংশে মেরামত করা হয়েছে। এছাড়া প্রতিটি ইউনিয়নে যেসকল ভেড়ীবাঁধগুলো রয়েছে সেগুলোর তালিকা অতিদ্রুত প্রেরণের জন্য অনুরোধ জানান। এসময় রতনপুর ইউপি চেয়ারম্যান সাহেব বলেন যে, রতনপুর ইউনিয়নের চকসন্তোষপুর, কাটুনিয়া, তেরুলিয়া ও দড়িসৈদালীপুর মৌজায় অবস্থিত বাইনতলা-১, বাইনতলা-২ ও লাউতলী খাল প্রবাহমান খাল। ইতোমধ্যে পানি উন্নয়ন বোর্ড থেকে খালগুলো খনন করা হয়েছে। উক্ত খাল তিনটি দিয়ে রতনপুর ইউনিয়ন সহ পাশ্ববর্তী ধলবাড়িয়া ইউনিয়ন ও শ্যামনগর উপজেলার ১৬-১৭টি গ্রামে বর্ষা মৌসুমে পানি প্রবাহিত হয়। উক্ত খালগুলোর ইজারাদার গ্রহণকারী অবৈধভাবে নেটপাটা স্থাপন করে মৎস্য চাষের ফলে বর্ষা মৌসুমে একাধিক গ্রাম প্লাবিত হয়। তার খালগুলো থেকে দূর্যোগ মৌসুম আসার আগেই অনতিবিলম্বে নেটপাটা অপসারণ সহ ইজারা বাতিলের প্রস্তাব করেন।<br>এ বিষয়ে মথুরেশপুর চেয়ারম্যান সাহেব বলেন যে, বসন্তপুর বিজিবি ক্যাম্প হতে হাড়দ্দাহ স্লুইচ গেট এর উত্তর ধার পর্যন্ত ভেড়ীবাঁধের অবস্থা খুবই নাজুক। দূর্যোগ মৌসুম আসার আগেই উক্ত ভেড়ীবাঁধটি আশু সংস্কার করার জন্য প্রস্তাব করেন। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় পানি উন্নয়ন বোর্ডের কর্তকর্তাকে বলেন, যমুনা খাল খনন করা হচ্ছে কিন্তু এখনো পর্যন্ত যমুনার খালের পাড়ে অবৈধ দখলদারদের উচ্ছেদের বিষয়ে কোন প্রকার তৎপরতা পরিলক্ষিত হচ্ছে না। তাই অতিদ্রুত এ এলাকার পরিবেশ ও প্রতিবেশ রক্ষার্থে এবং যমুনা খালকে আদিরূপে ফিরিয়ে আনার জন্য অতিদ্রুত খালের দুই পাশ থেকে অবৈধ দখলদারদের উচ্ছেদের জন্য উচ্ছেদ মামলা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) রতনপুর ইউনিয়নের চকসন্তোষপুর, কাটুনিয়া, তেরুলিয়া ও দড়িসৈদালীপুর মৌজায় অবস্থিত বাইনতলা-১, বাইনতলা-২ ও লাউতলী খালসহ সকল খালের নেটপাটা অপসারণ সহ ইজারা বাতিলের প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(২) বসন্তপুর বিজিবি ক্যাম্প হতে হাড়দ্দাহ স্লুইচ গেট এর উত্তর ধার পর্যন্ত ভেড়ীবাঁধটি অতিদ্রুত সংস্কারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(৩) যমুনার খালের দুই পাশ থেকে অবৈধ দখলদারদের উচ্ছেদের জন্য উচ্ছেদ মামলা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) নির্বাহী প্রকৌশলী সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা। |
| ২৫। পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম ঃ<br>পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপক, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপক, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | (১) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের, ব্যবস্থাপক, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২৬। উপজেলা (BADC) বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা বিএডিসি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে আমন ধানের বীজ মজুত আছে। কৃষকরা সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে উপজেলা বিএডিসি কার্যালয় থেকে আমন ধানের বীজ সংগ্রহ করতে পারবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা বিএডিসি কার্যালয় থেকে আমন ধানের বীজ সংগ্রহ করতে কৃষকদেরকে উদ্বুদ্ধ করতে ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা বিএডিসি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ২৭। উপজেলা আনসার ভিডিপির কার্যক্রম ঃ<br>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |

২৮। বিবিধ ঃ

(ক) এ উপজেলার বিষ্ণুপুর ইউনিয়নের কোমরপুর গ্রামের আব্দুর রউফ সানা (৩৫), পিং-আব্দুল গফুর সানা সম্প্রতি বজ্রপাতে নিহত হয়েছে তার পরিবারের আবেদনের প্রেক্ষিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এ ৩ (ঘ) অনুচ্ছেদ অনুসারে অপ্রত্যাশিত খাত থেকে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানানো হয়।

(খ) এ উপজেলার রতনপুর ইউনিয়নের মৌখালি গ্রামের মনিরুল ইসলাম, পিং-আব্দুস সাত্তার গাজীর বসতঘর অগ্নিকান্ডের ফলে পুড়ে যাওয়ায় তার পরিবার আর্থিক সাহায্যে পাইবার জন্য আবেদন করেছেন। এর প্রেক্ষিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এ ৩ (ঘ) অনুচ্ছেদ অনুসারে অপ্রত্যাশিত খাত থেকে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানানো হয়।

(গ) বাজেট বই প্রণয়ন ঃ টেকসই ও জবাবদিহিমুলক উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বার্ষিক বাজেট বই প্রণয়ন করা হয় এবং সভায় জনসম্মুখে বাজেট পেশ করা হয়। এরই ধারাবাহিকতায় ২০২৩-২৪ অর্থবছরে কাংখিত লক্ষ্য অর্জনের লক্ষ্যে বাজেট বই প্রস্তুত করে উপজেলা নোটিশ বোর্ডে টানানোসহ সভায় জনসম্মুখে পেশ করা হয়। এছাড়া ২০২৩-২৪ অর্থ বছরে বাজেট বইটি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত ঃ নির্ধারিত ছক অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরে প্রস্তুতকৃত বাজেট বইটি করে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

(ঘ) কালিগঞ্জ উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত সংক্রান্ত ঃ
সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলা পরিষদের জীপগাড়ি নং-সাতক্ষীরা-ঘ-১১-০০২৪ এর মেরামতের বিষয়ে মোটরযান পরিদর্শক, সাতক্ষীরা এর কারিগরি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে গত ০৮/০২/২০২৩ ইং তারিখের ১৫০/১ (যুক্ত) স্মারকমূলে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত মেরামত/বদলীর বিষয়ে মোটরযান পরিদর্শক, বিআরটিএ সাতক্ষীরা সার্কেল এর স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৬.২০.০০৫৯.২৩-১৫৯, তারিখ-০৮ ফেব্রুয়ারী-২০২৩ মুলে কারিগরি মতামত/অনুমোদন দিয়েছেন।
যার বিবরণ নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | মুল ইউনিট/যন্ত্রাংশ | লক্ষণ সমুহ | ত্রুটিপূর্ণ মোটরযান যন্ত্রাংশের বিবরণ | যে ধরণের মেরামত/বদলী প্রয়োজন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | বিবিধ সিষ্টেম | ত্রুটিপূর্ণ | চেসিস বডির মাউন টেন ০৮ (আট) টি | পেইন্টিং |
| ২ | বিবিধ সিষ্টেম | ত্রুটিপূর্ণ | এসি মেরামত ও প্রয়োজনীয় যন্ত্রাংশ সংযোজন | মেরামত |
| ৩ | বিবিধ সিষ্টেম | ত্রুটিপূর্ণ | গাড়ীর বডির প্রয়োজনীয় স্থানে আংশিক ডেন্টিং | ডেন্টিং |
| ৪ | বিবিধ সিষ্টেম | ত্রুটিপূর্ণ | সম্পূর্ণ গাড়ী পেইন্টিং | পেইন্টিং |
| ৫ | সাসপেনশন সিস্টেম | ত্রুটিপূর্ণ | শক এ্যাবজারভার ০৪ (চার) টি | পরিবর্তন |
| ৬ | ব্রেক সিস্টেম | ক্ষয়প্রাপ্ত | ব্রেক প্যাড ০১ (এক) সেট | পরিবর্তন |
| ৭ | ব্রেক সিস্টেম | ক্ষয়প্রাপ্ত | ব্রেক সু ০১ (এক) সেট | পরিবর্তন |
| ৮ | বিবিধ সিস্টেম | ত্রুটিপূর্ণ | সার্বো ০১ (এক) সেট | পরিবর্তন |

উপজেলা পরিষদের জীপগাড়ীর বর্ণিত স্মারকে প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক মেরামত/পরিবর্তনের লক্ষ্যে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়েছে।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ ইফতেখার উদ্দীন জোয়ার্দার, উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। | আহবায়ক |
| ২ | জনাব মিজানুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা। | সদস্য |
| ৩ | জনাব মোঃ মিরাজ হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। | সদস্য-সচিব |

উল্লেখিত কমিটি বিধি মোতাবেক টেন্ডার/কোটেশন আহবানসহ কালিগঞ্জ উপজেলা পরিষদের জীপগাড়ী নং-সাতক্ষীরা-ঘ-১১-০০২৪ এর বর্ণিত মেরামত/পরিবর্তনের কাজ সম্পাদনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী তার অফিসের ২৭/০৩/২৩ তারিখের ১২৬৫ নং স্মারকে বর্ণিত জীপগাড়ী মেরামতের লক্ষ্যে কোটেশন আহবান করা হয়। ধার্য তারিখে ০৩ (তিন)টি দরপত্র দাখিল হয়। প্রাপ্ত দরপত্রের মধ্যে মেসার্স মুন মটর ওয়ার্কসপ, ঘোপ সেন্ট্রাল রোড, যশোর এর দেয় দর ১,৯৮,৫০০/- (এক লক্ষ আটানব্বই হাজার পাঁচ শত) টাকা সর্বনিম্ন হওয়ায় উক্ত দর গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। প্রশাসনিক অনুমোদনের প্রাপ্তির কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।
উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ (গ) অনুচ্ছেদে মোতাবেক উপজেলা পরিষদ যানবাহন মেরামতের জন্য রাজস্ব তহবিল হতে বছরে সর্বোর্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। চলতি অর্থ বছরে জীপগাড়িটি সচল রাখার নিমিত্তে টুকিটাকি মেরামত বাবদ ইতোপূর্বে উক্ত অর্থ ব্যবয় হয়ে গিয়েছে বিধায় সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৪/০৪/২০০৫ তারিখের স্মারক নং স্থাসবি/উপ-১/গাড়ী-(২)-২/৯৯/৯৩(৪৭২) মুলে পত্রে অতিরিক্ত অর্থ ব্যয়ের জন্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণের নির্দেশনা রয়েছে। এর পরিপ্রেক্ষিতে বিগত ২৯/০৫/২০২৩ তারিখে ৬৪০ নং স্মারকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। পত্র প্রেরণের ফলে বিগত ১৪ই জুন ২০২৩ ইং তারিখে ২২২ নং স্মারকে স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখা থেকে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। ফলে ১৪/০৬/২০২৩ ইং তারিখে ২০৯৫ স্মারকে মেসার্স মুন মটর ওয়ার্কশপ, ঘোপ সেন্টার রোড, যশোর কে কার্যাদেশ পত্র প্রেরণ করা হয়। উপজেলা পরিষদের জীপগাড়িটি মেরামত সম্পন্ন করে মেসার্স মুন মটর ওয়ার্কশপ, ঘোপ সেন্টার রোড, যশোর মেরামত বাবদ ১,৯৮,৫০০/- (এক লক্ষ আটনব্বই হাজার পাঁচ শত) টাকার বিল পাইবার জন্য আবেদন করেছেন। উক্ত বিল পরিশোধের বিষয়ে সভায় বস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ (১) উপজেলা পরিষদের জীপগাড়ি নং সাতক্ষীরা ঘ-১১-০০২৪ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে মেরামতের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে তাই উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।
সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্ব ঃ উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।

(ঙ) সভায় জানানো হয় যে, এ উপজেলা পরিষদে একজন মালী ও একজন পরিচ্ছন্ন কর্মী কর্মরত রয়েছে। তাদের মজুরী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা হয়। তাছাড়া উপজেলা পরিষদের আইসিটি সাপোর্ট কার্যক্রম বাস্তবায়নের জন্য একজন টেকনিশিয়ানকে রাজস্ব তহবিল হতে মজুরী প্রদান করা হচ্ছে। তারা আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে উৎসব ভাতা প্রাপ্তির জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানিয়েছেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।
সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের মালী, পরিচ্ছন্ন কর্মী, টেকনিশিয়ানকে মানবিক দিক বিবেচনায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ০১ মাসের সমপরিমাণ মজুরী উৎসব ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।
বাস্তবায়নে ঃ
১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।
২. উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।

(চ) হাট/বাজার ইজারা লব্ধ আয়ের ১৫% ভাগ অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ সংক্রান্ত

সভায় জানানো হয় যে, সরকারি হাট- বাজারসমূহের ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার ৯.২.৫ অনুচ্ছেদ মোতাবেক উপজেলার অন্তর্গত হাট-বাজার ইজারালব্ধ আয়ের ১৫% অর্থ দ্বারা সংশ্লিষ্ট হাট-বাজারের রক্ষণাবেক্ষণ/ উন্নয়নের জন্য উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের আলোকে পিপিআর,২০০৮ এর বিধান অনুযায়ী ব্যয় করার নির্দেশনা রয়েছে। ১৪৩০ বাংলা সনের হাট/বাজার ইজারালব্ধ আয়ের ১৫% অর্থ দ্বারা সংশ্লিষ্ট হাট বাজারের রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের ক্ষেত্রে ড্রেনেজ, ছাউনি(শেড), স্যানিটেশন(ল্যাট্রিন/ ইউরিনাল) টিউবওয়েল স্থাপন, হাট-বাজারের অভ্যন্তরীণ রাস্তা/চলাচলপথ নির্মাণ ইত্যাদি অগ্রাধিকার দিতে হবে। এ খাতে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট হাট-বাজারের বাইরে কোন কাজে ব্যয় করা যাবে না। হাট-বাজার ইজারালব্ধ আয়ের ১৫% অর্থ দ্বারা নিম্নবর্ণিত (সংশ্লিষ্ট ) হাটের রক্ষণাবেক্ষণের নিমিত্ত ব্যয়ের জন্য এ অফিসের হাট-বাজার ইজারা তহবিলে জমা রয়েছে।

| ক্রমিক নং | হাট/বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৫% অর্থ সংশ্লিষ্ট হাটের রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য জমা রয়েছে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | কৃষ্ণনগর হাট | কৃষ্ণনগর | ৮৪,৩০০/- |
| ২ | চৌমুহনী হাট | বিষ্ণুপুর | ৬,১৫১/৫০ |
| ৩ | নেংগী হাট | ঐ | ৭৯৫/- |
| ৪ | উজিরপুর হাট | চাম্পাফুল হাট | ১৫,৫২৫/- |
| ৫ | কালিবাড়ী বাজার | ঐ | ১৫,৬৪৫/- |
| ৬ | ফকির হাট | ঐ | ৮২/৫০ |
| ৭ | বারদহা হাট | ঐ | ৮২/৫০ |
| ৮ | বাঁশতলা বাজার | দক্ষিণশ্রীপুর | ৩০,০৭৫/- |
| ৯ | ভদ্রখালী বাজার | কুশুলিয়া | ৬,৬৭৫/- |
| ১০ | কুশুলিয়া হাট | ঐ | ২,৯২,৫০০/- |
| ১১ | জিরোনগাছা হাট | ঐ | ২৩,১২৫/৫০ |
| ১২ | পুলিন বাবুর হাট | ঐ | ২,২৬৫/- |
| ১৩ | পিরোজপুর হাট | ঐ | ৩,৫২৫/- |
| ১৪ | নলতা হাট | নলতা | ২,৪০,১৬৫/- |
| ১৫ | খানজিয়া হাট | ঐ | ২৪০/- |
| ১৬ | বাবুরাবাদ হাট | ঐ | ২৭০/- |
| ১৭ | আব্বাসের হাট | ঐ | ১৬২/- |
| ১৮ | কাজলা হাট | ঐ | ২৪৪/৮০ |
| ১৯ | সন্যাসীর চক হাট | ঐ | ৮৫৫/- |
| ২০ | কাঁকশিয়ালী বাজার | তারালী | ৪,৮০০/- |
| ২১ | তারালী পশু হাট | ঐ | ১১,২৫০/- |
| ২২ | তারালী হাট | ঐ | ৩০,১৫০/- |
| ২৩ | তেঁতুলিয়া হাট | ঐ | ৮,৭৯৮/২৫ |
| ২৪ | ভাড়াশিমলা বাজার | ভাড়াশিমলা | ৯০০/- |
| ২৫ | নাজিমগঞ্জ বাজার | মথুরেশপুর | ১১,৪০০/- |
| ২৬ | কদমতলা বাজার | রতনপুর | ৬,৫০৪/- |
| ২৭ | রতনপুর হাট | ঐ | ৬৩,০৩০/- |
| ২৮ | মৌতলা বাজার | মৌতলা | ৩,২২,৯৫০/- |

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তাঁর ইউনিয়নের বর্ণিত হাট-বাজার উন্নয়নের জন্য হাটের পার্শ্বে বর্ণিত অর্থের দ্বারা প্রকল্প গ্রহণসহ প্রকল্পের নাম, প্রকল্প বাস্তবায়ন কমিটি ও তদারকি কমিটিসহ সংশ্লিষ্ট হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সুপরিশ ও ইউনিয়ন পরিষদ সভার কার্যবিবরণীসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় বরাবর দাখিল করার জন্য অনুরোধ জানানো হ'ল ।

(ছ) ১৪৩০ বাংলা সনের হাট/বাজার ইজারা লব্ধ আয়ের ১০% ভাগ অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ সংক্রান্ত

আলোচনা ঃ হাট- বাজার হতে প্রাপ্ত ইজারালব্ধ আয়ের ১০% অর্থ অনুন্নত হাট/বাজারের উন্নয়নের জন্য উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের আলোকে ব্যয় করার নির্দেশনা রয়েছে । এ অর্থ পিপিআর এর বিধান অনুযায়ী ব্যয় করতে হবে। হাট-বাজারের রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের ক্ষেত্রে ড্রেইনেজ, ছাউনি শেড), স্যানিটেশন ( ল্যাট্রিন / ইউরিনাল), টিউবওয়েল স্থাপন, হাট-বাজারেরর অভ্যন্তরীণ রাস্তা/ চলাচল পথ নির্মাণ ইত্যাদি অগ্রাধিকার দিতে হবে । ১৪৩০ বাংলা সনের হাট/বাজার ইজারালব্ধ আয়ের ১০% অর্থ দ্বারা অনুন্নত হাট/ বাজার উন্নয়নের জন্য অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে জমা রয়েছে । ইউনিয়ন ভিত্তিক বরাদ্দকৃত অর্থের পরিমাণ নিম্নরূপঃ-

| ক্রঃনঃ | ইউনিয়নের নাম | ইউনিয়ন পরিষদের সর্বমোট প্রাপ্য ১০% অর্থ অনুন্নত হাট-বাজার উন্নয়নের জন্য ব্যয় করা যাবে | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | কৃষ্ণনগর | ৫৬,২০০/- | |
| ২ | বিষ্ণুপুর | ৪৬৩১/- | |
| ৩ | চাম্পাফুল | ২০,৮৯০/- | |
| ৪ | দক্ষিণশ্রীপুর | ২০,০৫০/- | |
| ৫ | কুশুলিয়া | ২,১৮,৭২৭/- | |
| ৬ | নলতা | ১,৬১,২৯১/- | |
| ৭ | তারালী | ৩৬,৬৬৫/- | |
| ৮ | ভাড়াশিমলা | ৬০০/- | |
| ৯ | মথুরেশপুর | ৭,৬০০/- | |
| ১০ | রতনপুর | ৪৬,৩৫৬/- | |
| ১১ | মৌতলা | ২,১৫,৩০০/- | |

এমতাবস্থায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তাঁর ইউনিয়নের অনুন্নত হাট-বাজার উন্নয়নের জন্য হাটের পার্শ্বে বর্ণিত অর্থের দ্বারা প্রকল্প গ্রহণসহ প্রকল্পের নাম, প্রকল্প বাস্তবায়ন কমিটি ও তদারকি কমিটিসহ সংশ্লিষ্ট হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সুপরিশ ও ইউনিয়ন পরিষদ সভার কার্যবিবরণীসহ এ অফিসে দাখিল করার জন্য অনুরোধ জানানো হয়।

পরিশেষে মুজিব বর্ষের অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্ট্যান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৫/২৩
সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২৩- ৬৪৫

তারিখ : ২৯/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/ ১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা
৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা
৭। সহকারী প্রকৌশলী, বিএডিসি ( সেচ) সাতক্ষীরা
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৯। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১০। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১১। অফিসার ইনচার্জ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১২। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
১৩। চেয়ারম্যান ------------------------------------ ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১৪। জনাব ------------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

২৯/০৫/২০২৩
রহিমা সুলতানা বুশরা
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

২৭/০৪/২০২৩ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট 'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব রহিমা সুলতানা বুশরা | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ২ | ডাঃ মোঃ বুলবুল কবীর | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ৩ | জনাব ওয়াসীম উদ্দীন পক্ষে | উপজেলা কৃষি কর্মকর্তা,কালিগঞ্জ |
| ৪ | জনাব সাফিয়া পারভীন | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | | ৪ | জনাব ডাঃ উৎপল রায় | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি | | ৫ | জনাব মোঃ ইফতেখারউদ্দীন জোয়ার্দ্দার | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৬ | জনাব শেখ আবুল কাশেম মোহাম্মদ আব্দুল্লাহ পক্ষে | চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি | | ৬ | জনাব মোঃ নাজমুল হুদা | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব আজিজুর রহমান পক্ষে | চেয়ারম্যান, নলতা ইউপি | | ৭ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৮ | জনাব এনামুল হোসেন পক্ষে | চেয়ারম্যান, তারালি ইউপি | | ৮ | জনাব ডাঃ প্রবীর কুমার মুর্খাজী পক্ষে | উপজেলা পঃ পঃ অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৯ | জনাব নাজমুল হাসান পক্ষে | চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি | | ৯ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১০ | জনাব গাজী শওকত হোসেন পক্ষে | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | | ১০ | জনাব মোঃ মিরাজ হোসেন খান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ১১ | জনাব এম আলীম আল রাজী | চেয়ারম্যান, রতনপুর ইউপি | | ১১ | জনাব অর্ণা চক্রবর্তী পক্ষে | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ১২ | জনাব মোঃ ফেরদাউস মোড়ল | চেয়ারম্যান মৌতলা ইউপি | | ১২ | জনাব মিজানুর রহমান | উপ-সহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| ১৩ | জনাব মোঃ আব্দুল হাকিম | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | | ১৩ | জনাব এইচ এম কামরুজ্জামান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ |
| ১৪ | জনাব গোবিন্দ চন্দ্র মন্ডল | চেয়ারম্যান, দঃ শ্রীপুর ইউপি | | ১৪ | জনাব আকরাম হোসেন | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৫ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৬ | জনাব এস এম আকরাম হোসেন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৭ | জনাব শহিদুর রহমান | উপজেলা ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | | | | ১৮ | জনাব কনক চন্দ্র অধিকারী | উপজেলা সমন্বয়কারী (একটি বাড়ি একটি খামার) কালিগঞ্জ |
| | | | | ১৯ | জনাব রুদ্র কিশোর মল্লিক | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ |
| | | | | ২০ | জনাব তন্ময় হালদার | উপ-সহকারী, প্রকৌশলী, পাউবো, কালিগঞ্জ |
| | | | | ২১ | জনাব মোঃ আব্দুর রহমান | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ |
| | | | | ২২ | জনাব মিনারা আক্তার | তথ্য সেবা, কালিগঞ্জ |
| | | | | ২৩ | জনাব আসমাউল হুসনা (ইউডিএফ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, কালিগঞ্জ |
| | | | | ২৪ | জনাব অসিম মন্ডল | উপ-সহকারী প্রকৌশলী, (বিএডিসি) সেচ, সাতক্ষীরা জোন |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি | | ১ | জনাব আশীষ কুমার নন্দী | উপজেলা শিক্ষা অফিসার |
| | | | | ২ | জনাব অনুজ গাইন | উপজেলা নির্বাচন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ৩ | জনাব শাশান কুমার মন্ডল | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| | | | | ৪ | নুর ইসলাম কাগুজী | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |